গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর

## উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ফজলে এলাহী, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বীরগঞ্জ, দিনাজপুর
তারিখ ও সময় : ৩০/০১/২০২৫খ্রি., সকাল ১১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাকে অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসুচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিষদের গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সদস্যের কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া গেল না। | গত সভার কার্যবিবরণীটি উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তে অনুমোদিত হলো। | প্রশাসক, সংশ্লিষ্ট কমিটি এবং দপ্তর প্রধানগণ। |

২। উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত পুকুর পারের রাস্তা ও বাউন্ডারি ওয়াল মেরামত বিষয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| সভায় উপজেলা উপজেলা প্রকৌশলী জানান যে, বীরগঞ্জ উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী ওয়ালটি ১৯৮৭ সালে তৈরী করা হয়েছে। বাউন্ডারী ওয়াল নির্মাণ হওয়ার পর থেকে এখন পর্যন্ত কোন বড় ধরণের মেরামত করা হয় নাই ফলে বাউন্ডারী ওয়ালটি ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। তাই জরুরী ভিত্তিতে বাউন্ডারী ওয়ালটি মেরামত করা প্রয়োজন এবং উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বের রাস্তাটি ইটে সোলিং দ্বারা তৈরী করা ছিলো। রাস্তাটি নির্মাণ হওয়ার পর থেকে এ পর্যন্ত কোন ধরনের মেরামত হয় নাই ফলে রাস্তাটি অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তাটির পার্শ্বে পুকুর থাকায় পুকুর পাড় রক্ষায় এবং রাস্তার সোল্ডার রক্ষার স্বার্থে প্যালাসেডিং ও ব্লক এর কাজ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ১) বীরগঞ্জ উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ ও ২) বীরগঞ্জ উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত পুকুর পাড়ে আরসিসি রাস্তা নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর কর্তৃক প্রতিস্বাক্ষর গ্রহণ করে তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্প বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কমিটি। |

৩। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভাকে জানান যে, বহিবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৯৮৪ জন; অন্তঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৩৫ জন; জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৯১২ জন; ৩৫টি কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮২১৩ জন; নরমাল ডেলিভারীর সংখ্যা ৪৪ জন; নিউমোনিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮ জন; ডায়রিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৫ জন এবং অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে বেড অকুপেন্সী রেট (৫০ শয্যা) ৯৪.৬৬%। UHC ঔষধ সরবরাহ সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | অনুরোধ করা হলো | |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, অত্রঅফিসের বাউন্ডারীর মধ্যে অবস্থিত ৩টি মেহগুনি গাছ এর কারনে বাউন্ডারী ওয়াল এর ফাটল দেখা দিয়েছে। ভবিষ্যতে গাছগুলি কর্তন না করলে বাউন্ডারী ওয়ালের বড় ধরনের ক্ষতি হতে পারে। তাই গাছগুলি কর্তন করা আবশ্যক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকৌশলী |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| সামাজিক বনায়ন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ |



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বীরগঞ্জ দিনাজপুর জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস, বীরগঞ্জ দিনাজপুর অনুপস্থিত ছিলেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস |
| বিএমডিএ বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| বর্তমান সভায় আলোচনাযোগ্য নতুন কোন সরকারি বিধি-বিধান বা নির্দেশনা পাওয়া যায়নি। | - | - |

**৫। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৯/০১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে = ৪২,৯৭,২৮৩/৬৭ টাকা এবং উন্নয়ন তহবিলে = ১,৪৭,৫৫,৫৬৭/৪১ টাকা স্থিতি রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সম্পাদন করা হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার। |

| ক্র:নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ কার্যালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় | ৫,০০০/- |
| ২ | উপজেলা পরিষদের সাধারণ সভা ও কার্যালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- |
| ৩ | দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালি ও পরিচ্ছন্নকর্মীর ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বাবদ ব্যয় | ৩১,৯০০/- |
| ৪ | দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালি ও পরিচ্ছন্নকর্মীর পারিতোষিক ভাতা প্রদান বাবদ ব্যয় | ৩৩,০০০/- |
| ৫ | উপজেলা পরিষদ নিরাপত্তা আনসার সদস্যের ডিসেম্বর/২০২৪ মাসের ভাতা বাবদ ব্যয় | ৮,৩০০/- |
| ৬ | মাহন বিজয় দিবস/২০২৪ উদযান উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন উপলক্ষ্যে ব্যয় | ১,০০,০০০/- |
| ৭ | উপজেলা পরিষদ ক্যাম্পাসে মেঘনা (কৃষি) কোয়াটার মেরামত ও রংকরণ এর চূড়ান্ত বিল প্রদান | ১,৫৮,৩০৬/- |
| ৮ | উপজেলা পরিষদ ক্যাম্পাসে যমুনা কোয়াটার মেরামত ও রংকরণ এর চূড়ান্ত বিল প্রদান | ২,০০,০০০/- |

**৬। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ সম্পর্কে আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| নিরাপদ খাদ্য সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখা এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে সংশ্লিষ্টসকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট জনপ্রতিনিধি; বণিক সমিতি; স্যানিটারী ইন্সপেক্টর |



CamScanner

৭। মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধি এবং সামাজিক আন্দোলন সম্পর্কে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| মাদকের কুফলের বিরুদ্ধে মূলত উৎস হতে সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদককে নির্মূল করতে হবে। এ ব্যাপারে সরকারি, বেসরকারি, ওলামায়ে সকল জনপ্রতিনিধিগণকে মাদক বিরোধী প্রচার প্রচারণায় কার্যকরী ভূমিকা পালন করতে হবে। | মাদকবিরোধী প্রচার প্রচারণার মাধ্যমে মাদক নির্মূল করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সকল জনপ্রতিনিধি, প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা কমিটি। |

৮। বিবিধ

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বীরগঞ্জ উপজেলাধীন ১১টি ইউনিয়ন পরিষদ এ কর্মরত ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ইউনিয়নের বেতন ভাতা, উৎসব ভাতা, নববর্ষ ভাতা, লাম্প গ্রান্ট, আনুতোষিক এবং কন্ট্রিবিউটরি ভবিষ্য তহবিল (CPF) মূল বেতনের ১০% হিসেবে জেলা প্রশাসকের কার্যালয় দিনাজপুর হতে মোট ২৬,৯৮,২১৮/৫০ টাকা চেক প্রেরণ করার জন্য চাহিদা পাওয়া যায়। উক্ত চাহিত অর্থ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে পরিশোধযোগ্য কিন্তু উক্ত খাত হতে গ্রামপুলিশদের বেতন ভাতা প্রদানের পর ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের বেতন ভাতা প্রদানে চাহিত অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি। স্থানীয় সরকার বিভাগ ইউনি-২ শাখা স্মারক নম্বর ৪৬.০৪২.০১৮.০০.০০.০০৯.২০১১-৫২৯, তারিখ ২৩ নভেম্বর ২০২০ পত্রের নির্দেশনা মোতাবেক হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের বেতন ভাতা প্রদানে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুচ্ছেদ ৪ হতে ব্যয়ের প্রস্তাব সদয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। | সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বীরগঞ্জ উপজেলাধীন ১১টি ইউনিয়ন পরিষদ এ কর্মরত ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের বেতন ভাতাসহ অন্যান্য ভাতার চাহিত অর্থ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে সংকুলান না হওয়ায় হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানে সদয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখায় প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার। |
| ২) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসের মধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তর ও বাসা বাড়ি রয়েছে। উক্ত ক্যাম্পাসে কোন ক্লোজ সার্কিট ক্যামেরা না থাকায় ক্যাম্পাস হতে মটর সাইকেলসহ বিভিন্ন ধরণের মালামাল চুরির ঘটনা ঘটে এবং বিভিন্ন ধরণের অপ্রীতিকর ঘটনাও ঘটে থাকে। উপজেলা পরিষদ ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা রক্ষার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা; ২০২০ এর ৩ (ণ) অনুচ্ছেদের বিধান অনুসারে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর অর্থায়নে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা যেতে পারে। | সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ক্যাম্পাসে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর |
| ৩) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে অতিথি আপ্যায়নের জন্য একটি কফি মেকার মেশিন ক্রয়; কিচেন রুমের জন্য একটি কাঠের আলমারী ক্রয় ও উপজেলা পরিষদের চত্বর পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য কিছু সংখ্যক ময়লা ফেলার ডাসবিন ক্রয় করা যেতে পারে। | সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জন্য কফি মেকার মেশিন, কাঠের আলমারী ও ময়লা ফেলার ডাসবিন ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৫৫.২৭১২.০০১.১২.০০১.২৪- ০৩(১)

তারিখ: ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৭। প্রশাসক, বীরগঞ্জ পৌরসভা, দিনাজপুর।
৮। উপজেলা ........................................................... কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
৯। চেয়ারম্যান ........ নং .................................... ইউনিয়ন পরিষদ (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব ........................................................................... বীরগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস নথি।


(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd




CamScanner